



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের ‘বাজেট ডিসকাশন (২০২২-২০২৩)’ শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন  
বাজেট ডিসকাশন শীর্ষক সেমিনারে ড. অনুপম সেন

## শিক্ষা ও স্বাস্থ্যখাত ছাড়াও কৃষিতে ব্যয় বাড়াতে হবে

বাংলাদেশের বাজেটের বিভিন্ন দিক নিয়ে আলোচনায় প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য, একুশে পদকপ্রাপ্ত প্রফেসর ড. অনুপম সেন বলেন, এই বাজেটের দু’টি অংশ আছে; একটি রাজস্ব বাজেট ও অন্যটি উন্নয়ন বাজেট। বাংলাদেশের পার্লামেন্টে ২০২২-২০২৩ অর্থবছরে ৬ লক্ষ ৭৮ হাজার ৬৪ কোটি টাকার বাজেট পেশ করা হয়েছে। এই বাজেটে দেশের নানা খাতে অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। শিক্ষা ও স্বাস্থ্যখাতে কম অর্থ বরাদ্দ দেওয়া হলেও বলা দরকার, যাঁরা এই অর্থ ব্যয় করার দায়িত্বে থাকেন তাঁরা এই অর্থই পূর্ণভাবে ব্যয় করতে পারেন না। অর্থ ফেরত যায়।

এই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষমতা অর্জন করতে হবে এবং শিক্ষা ও স্বাস্থ্যখাত ছাড়াও সামাজিক নিরাপত্তা ও কৃষিখাতে

ব্যয় বাড়াতে হবে, অন্যান্য অনুন্নয়ন খাতে ব্যয় কমিয়ে। তিনি গত সোমবার প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী গলিস্থ ভবনে অর্থনীতি বিভাগের উদ্যোগে বাংলাদেশের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেটের উপর ‘বাজেট ডিসকাশন (২০২২-২০২৩)’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহিত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে ও প্রভাষক অর্পিতা দত্তের সঞ্চালনায় অনুষ্ঠানে অর্থনীতি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি